

এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের সময় বাড়লো



ছবি: ফাইল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২১ এপ্রিল ২০২৪ | ১১:৫১ | আপডেট: ২১ এপ্রিল ২০২৪ | ১২:০৫

(-) (অ) (+)

এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের সময় আগামী ৫ মে পর্যন্ত বাড়ানো হয়েছে। আজ রোববার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. আবুল বাশার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার শিক্ষার্থীদের ফরম পূরণের চলমান কার্যক্রমের সময় আগামী ৫ মে ২০২৪ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ব্যতীত) বর্ধিত করা হলো। একইসঙ্গে ফি পরিশোধের সর্বশেষ তারিখ ৬ মে ২০২৪ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।



বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বিলম্ব ফিসহ ফরম পূরণের সময় আগামী ৭ মে ২০২৪ তারিখ থেকে বাড়িয়ে ১২ মে ২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। এছাড়াও ফি পরিশোধের তারিখ ১৩ মে ২০২৪ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।

এই সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষার্থীদের ফরম পূরণের কাজ সম্পন্ন করবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়।

